

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৬

তারিখঃ অগ্রহায়ণ ১১, ১৪২৭  
নভেম্বর ২৬, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই  
(CMSME) খাতের জন্য ২০,০০০ কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১; আগস্ট ৩১, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭; সেপ্টেম্বর ০৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৮; অক্টোবর ২৮, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১২ এবং নভেম্বর ০১, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-০১ তারিখঃ এপ্রিল ১৩, ২০২০ এর ১(খ) অনুচ্ছেদের মাধ্যমে উৎপাদন, সেবা ও ব্যবসা উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার যথাক্রমে ৫০,৩০ ও ২০ শতাংশে নির্ধারণ করা হয়। একই সার্কুলারের ৪(খ), ৪(গ) ও ৪(ঘ) অনুচ্ছেদে উপখাতভিত্তিক ঋণ/বিনিয়োগের বিভাজন এবং গ্রাহক পর্যায়ে প্রদেয় ঋণ/বিনিয়োগের বিন্যাস ও সীমা সংক্রান্ত বিষয়াবলী বর্ণনা করা হয়।

০৩। এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ তারিখঃ আগস্ট ৩১, ২০২০ এর মাধ্যমে আলোচ্য প্যাকেজের আওতায় উৎপাদন ও সেবা খাতে বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার সামগ্রিকভাবে ৮০ শতাংশে পুনর্বিন্যাস করা হয় এবং উৎপাদন ও সেবা শিল্পের ঋণগ্রহীতাগণের জন্য ঋণ/বিনিয়োগ সীমা নির্ধারণ করা হয়। পরবর্তীতে, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১২ তারিখঃ অক্টোবর ২৮, ২০২০ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার ব্যবসা (ট্রেডিং) উপখাতে সর্বোচ্চ ৩০ শতাংশে এবং উৎপাদন ও সেবা উপখাতদ্বয়ে সামগ্রিকভাবে অনূন্য ৭০ শতাংশে নির্ধারণ করা হয়।

০৪। অপরদিকে, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৮ তারিখঃ সেপ্টেম্বর ০৩, ২০২০ এর অনুচ্ছেদ-০৪ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৩ তারিখঃ নভেম্বর ০১, ২০২০ এর অনুচ্ছেদ-০৪ অনুযায়ী আলোচ্য প্যাকেজের আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য নির্ধারিত ঋণ/বিনিয়োগ বিতরণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা নির্ধারণ করা হয়।

০৫। বিদ্যমান তথ্য উপাত্ত পর্যালোচনায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ/বিনিয়োগের বড় অংশ ট্রেডিং খাতে বিনিয়োগ করা হয়েছে মর্মে পরিদৃষ্ট হয়। এই খাতে বিনিয়োগের আনুপাতিক হার বৃদ্ধি করা হলে আরও অধিক সংখ্যক ক্ষতিগ্রস্ত গ্রাহককে উক্ত প্রণোদনা প্যাকেজের আওতায় অন্তর্ভুক্তিকরন সহজতর হবে। একইসাথে, এ বিষয়টিও পরিলক্ষিত হচ্ছে যে, আলোচ্য প্যাকেজের আওতায় কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ বিতরণ কাজ্জিত পর্যায়ে পৌছাতে সক্ষম হয়নি।

০৬। এক্ষণে, উৎপাদন ও সেবা শিল্পে কর্মসংস্থান বহাল রাখার পাশাপাশি ব্যবসায় (ট্রেডিং এ) নিয়োজিত প্রকৃত ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ক্ষতি হ্রাসকল্পে উক্ত উপধাতে ঋণ চাহিদা পূরণের লক্ষ্যে চলতি মূলধন বাবদ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের নিমিত্তে এবং আলোচ্য প্যাকেজের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হল :

ক) এসএমইএসপিডি সার্কুলার নং-১/২০২০ এর ১(খ) এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১২/২০২০ এর ৪(ক) অনুচ্ছেদে বর্ণিত ব্যবসা (ট্রেডিং) উপধাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার ৩০ শতাংশ হতে বৃদ্ধি করে সর্বোচ্চ ৩৫ শতাংশে পুনর্নির্ধারণ;

খ) অত্র প্রণোদনা প্যাকেজ এর আওতায় ব্যবসা(ট্রেডিং) উপধাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত/প্রদেয় বিনিয়োগ এর অনুপাত বাৎসরিক ঋণ/বিনিয়োগের ৩০ শতাংশের বেশী হলে (যা কোনভাবেই ৩৫ শতাংশের অধিক হতে পারবে না) সমানুপাতিক হারে উৎপাদন ও সেবা উপধাতে প্রদত্ত/প্রদেয় ঋণ/বিনিয়োগের অনুপাত হ্রাস পাবে। তবে, উক্ত উৎপাদন ও সেবা উপধাতে প্রদত্ত/প্রদেয় সামগ্রিক ঋণের অনুপাত ৬৫ শতাংশের কম হবে না;

গ) এসএমইএসপিডি সার্কুলার নং-১/২০২০ এর ৪(খ), ৪(গ) ও ৪(ঘ) এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ০৭/২০২০ এর ২(খ) নং অনুচ্ছেদে বর্ণিত ঋণসীমা নির্ধারণে উৎপাদন, সেবা ও ব্যবসা উপধাতে গ্রাহকের ক্ষতির মাত্রা বিবেচনাকরতঃ বিদ্যমান/নতুন ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের অনুকূলে প্রদেয় ঋণ/বিনিয়োগের পরিমাণ (চলতি মূলধন) সংশ্লিষ্ট ব্যাংকের বিদ্যমান ঋণ-নীতিমালার আওতায় ব্যাংকার গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে। তবে, বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে উল্লিখিত সীমা পূর্ববর্তী বছরে প্রদত্ত চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধার অধিক হবে না; এবং

০৭। আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা ডিসেম্বর ৩১, ২০২০ তারিখ পুনর্নির্ধারণ করা হলো।

০৮। এতদ্ব্যতীত বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৯। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আলী মাহমুদ)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোনঃ ৯৫৩০১৭২